

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
Website: www.lgd.gov.bd

নং-৪৬. ০২০. ০০৪. ০০. ০১. ১৩৯. ২০১৬- ২২০০

তারিখঃ ৮/৭/১৬


বিষয়ঃ রীট পিটিশন নং-১০৬৭/২০১৬ মামলায় প্রদত্ত স্থগিতাদেশের বিরুদ্ধে সরকার পক্ষে লিভ-টু-আপীল দায়ের সংক্রান্ত।

সূত্রঃ এ বিভাগের উপজেলা-১ শাখার গত ২১-০৪-২০১৬খ্রিঃ তারিখের ৫৬৯ সংখ্যক আ্রক।

দেশের ৪৮১টি উপজেলা পরিষদের জন্য রাজস্বখাতে ৯৬২(নয়শত বাষট্টি) টি অফিস সহায়ক পদে অস্থায়ীভাবে নিয়োগের ছাড়পত্র প্রদানের প্রেক্ষিতে মাষ্টাররোলে কর্মরত কর্মচারীদের চাকুরি উক্ত পদে আত্মীকরণ করার জন্য মাননীয় হাইকোর্ট বিভাগে ১০৬৭/২০১৬নং রীট পিটিশন দায়ের করা হয়। উক্ত রীট পিটিশনে মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক গত ১৫-০২-২০১৬খ্রিঃ তারিখের আদেশমূলে উক্ত নিয়োগ প্রক্রিয়ার উপর ০৬(ছয়) মাসের স্থিতি অবস্থা জারি করা হয়েছে। উক্ত আদেশের বিরুদ্ধে আপীল দায়েরসহ আদেশটি ভ্যাকট করা আবশ্যিক।

০২। এমতাবস্থায়, সরকারি স্বার্থ বিবেচনায় বিষয়ে বর্ণিত রীট পিটিশনে প্রদত্ত স্থিতি আদেশের বিরুদ্ধে আপীল দায়েরসহ সরকার পক্ষে মামলাটি প্রতিদ্বন্দ্বিতার যাবতীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগের নিয়োগকৃত বেসরকারি প্যানেল আইনজীবী হিসেবে নির্দেশক্রমে তাঁকে দায়িত্ব প্রদান করা হলো। মামলার রুল, আরজি ও আনুষঙ্গিক কাগজপত্রাদি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ----- ফর্দ।


(সৈয়দ মোঃ নূরুল বাসির)
সিনিয়র সহকারী সচিব
৯৫৪০৯৯৫

জনাব এসকে শফিক মাহমুদ পুস্প
বেসরকারি প্যানেল আইনজীবী
স্থানীয় সরকার বিভাগ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ০২। বিজ্ঞ সলিসিটর, সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ০৩। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০৪। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ;
- ০৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, ৮৩/বি, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা;
- ০৬। সিনিয়র সহকারী সচিব (উপজেলা-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ;
- ০৭। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ;
- ০৮। সহকারী প্রোগ্রামার (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।